

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
আইটি শাখা
৮৯/২, কাকরাইল, ঢাকা

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০০.১৮.০৯৭.২০.৬৯

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বিদেশ গমনেচ্ছু কর্মীদের এনআইডি (NID) নাম্বারের মাধ্যমে বিএমইটি'র রেজিস্ট্রেশন বাধ্যতামূলক করণ প্রসঙ্গো।

নিরাপদ অভিবাসন নিশ্চিত করার জন্য বিএমইটি'র অধীনস্থ জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/টিটিসি/আইএমটি তে বিদেশ গমনেচ্ছু কর্মীদের পাসপোর্ট, এনআইডি (NID), শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য ব্যক্তিগত তথ্যের মাধ্যমে রেজিস্ট্রেশন ও ফিঞ্জার ইম্প্রেশন গ্রহন করা হয়। বিএমইটি'র সেবা সহজীকরণ করার জন্য বিদেশ গমনেচ্ছু একই ব্যক্তির একাধিকবার রেজিস্ট্রেশন পরিহার করার লক্ষ্যে এবং ডাটাবেজে নিবন্ধনকালে পরবর্তীতে বিদেশ গমনেচ্ছু কর্মীর সেবা প্রাপ্তি সহজীকরণ, সময় সাশ্রয় ও হয়রানি রোধে এনআইডি (NID) নাম্বারের মাধ্যমে বিএমইটি'র রেজিস্ট্রেশন বাধ্যতামূলক করা খুবই জরুরী। এমতাবস্থায়, বিএমইটি'র আওতাধীন অফিসগুলোকে বাধ্যতামূলক এনআইডির নাম্বার দিয়ে রেজিস্ট্রেশন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০-০৭-২০২৪

মোঃ আবু রায়হান

সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অধ্যক্ষ (সকল), আইএমটি;
- ২। অধ্যক্ষ (সকল), টিটিসি;
- ৩। সহকারী পরিচালক (সকল), জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস;
- ৪। স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য];
- ৫। স্বত্বাধিকারী, আমি প্রবাসী, #৬৮, ব্লক#এইচ, রোড#১১, বীর উত্তম খাদেমুল বাসার রোড, বনানী, ঢাকা-১২১৩ এবং
- ৬। অফিস কপি।



৩০-০৭-২০২৪

মোঃ সাইফুল ইসলাম মামুন

ইন্সট্রাক্টর (অতিরিক্ত দায়িত্ব)